# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

## এড হক কমিটির ৬ষ্ঠ সভার কার্যবিবরণী
## তারিখ : ২৫ মে ২০১৫

১। উপস্থিতি ঃ  সর্বমোট ১০ জন সদস্য উপস্থিত ছিলেন। সদস্যদের নামের তালিকা সংযুক্ত।

২। মেজর জেনাঃ কাজী আশফাক আহমেদ, পিএসসি (অবঃ) প্রেসিডেন্ট, এড হক কমিটি, উক্ত সভায় সভাপতিত্ব করেন।

৩। পরম করুনাময় আল্লাহ্ তালার নাম স্বরণ করে সভার কার্যক্রম বিকাল ১৭১৫ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে শুরু করা হয়। অত্র সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| বিষয় | কার্যক্রম |
|---|---|
| **আইটেম - ১ ঃ এড হক কমিটির ৫ম সভার কার্যবিবরনী অনুমোদন** | |
| ১। গত ২২ এপ্রিল ২০১৫ তারিখে অনুষ্ঠিত এড হক কমিটির ৫ম সভার কার্যবিবরনী কমিটির সেক্রেটারী অত্র সভায় উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরনীতে উল্লেখিত নিম্নলিখিত কাজের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট সদস্য কমিটিকে নিম্নরূপভাবে অবহিত করেন। | |
| ক। **আইমেট - ৫ এর স্তবক ৬ ঃ ফিটনেস সেন্টারে বিদ্যুৎ সংযোগ ঃ** ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাশিম খান, এনডিসি, পিএসসি (অবঃ) উপস্থিত সদস্যদের অবগত করেন যে, ফিটনেস সেন্টারের বিদ্যুৎ সংযোগ এর কাজ ইতিমধ্যে আনুমানিক ৯০ শতাংশ শেষ হয়েছে, অবশিষ্ট কাজ অতি শীঘ্রই শেষ হবে। | |
| খ। **আইটেম - ৫ এর স্তবক ৮ ঃ রিপিটার ষ্টেশন স্থাপন প্রসংগে ঃ** উক্ত কাজের জন্য গঠিত কমিটির কনভেনার ও সদস্য যথাক্রমে ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাশিম খান, এনডিসি, পিএসসি (অবঃ) ও লেঃ কর্নেল মোঃ মাসুদুল হক খান (অবঃ) উপস্থিত এড হক কমিটির সকল সদস্যকে জানান যে, একটি পোলের উপরে বুস্টার যন্ত্র স্থাপন করে কাজটি করা সম্ভব। খরচ হতে পারে আনুমানিক টাকা ২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) থেকে টাকা ৩,৫০,০০০.০০ (তিন লক্ষ পঞ্চাশ হাজার)। তবে বিটিআরসি থেকে ফ্রিকুয়েন্সি বরাদ্দ নিতে হবে। | সংশ্লিষ্ট কাজের জন্য গঠিত কমিটি |
| গ। **আইটেম - ৫ এর স্তবক ৯ ঃ পারচেজ কমিটির একজন সদস্যের স্বাক্ষর ছাড়া ঔষধ ক্রয় প্রসংগে** ঃ এড হক কমিটির সেক্রেটারী বিষয়টি তদন্ত করেন এবং জানান যে, হিসার রক্ষক, সিনিঃ ওয়াঃ অফিঃ মোহাম্মদ আলী মিয়া (অবঃ) এর ব্যর্থতার কারনে উক্ত ঘটনা ঘটেছে। এমতাস্থায়, ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন না ঘটে, তার জন্য সতর্ক দৃষ্টি রাখার জন্য হিসার রক্ষক, সিনিঃ ওয়াঃ অফিঃ মোহাম্মদ আলী মিয়া (অবঃ) কে সতর্ক করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেজারার |
| ঘ। **আইটেম - ৫ এর স্তবক ১১ ঃ হিসাব নীতিমালা** ঃ প্রস্তাবিত হিসাব নীতিমালা উপস্থাপনের জন্য ট্রেজারারকে ধ্যনবাদ জানানো হয়। উক্ত নীতিমালা কিছু সংশোধন/সংযোজন প্রয়োজন আছে যাহা সভায় আলোচনা করা হয়। উক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে হিসাব নীতিমালার চূড়ান্ত করার জন্য ট্রেজারারকে অনুরোধ করা হয়। | ট্রেজারার |
| ২। অতঃপর, কার্যবিবরনীর উপর আর কোন মন্তব্য না থাকায় উক্ত কার্যবিবরনী সঠিক বলিয়া অনুমোদন করার জন্য কমোঃ শহীদ সরোয়ার নিজাম, বিএন (অবঃ) প্রস্তাব করেন এবং ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাশিম খান, এনডিসি, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। এমতাবস্থায়, উপরোল্লিখিত মন্তব্যগুলি সহ উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |

**আইটেম - ২ ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের চুক্তিপত্র পর্যালোচনা ও পুনর্বিবেচনা ঃ**

৩। গত ২২ এপ্রিল ১৫ তারিখে অনুষ্ঠিত এড হক কমিটির ৫ম সভার লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দেলোয়ার হোসেন (অবঃ) প্রস্তাব করেন যে প্রতিরক্ষা বাহিনীর প্লট/ফ্ল্যাট মালিকদেরকে ভাড়া বিহীন বা সল্পমূল্যে কনভেনশন হল ভাড়া প্রদান করা হউক। বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করার জন্য কনভেনশন সেন্টার সাব-কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। এমতাবস্থায়, বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে দেখা যায় যে, কোন অনুষ্ঠানে নিম্নে উল্লেখিত পাঁচটি খাতে খরচ সংগঠিত হয় এবং কোন খাতে কি পরিমান খরচ হয় তাহা নিম্নরূপ ঃ-

| | | |
|---|---|---|
| ক। হল ভাড়া | মোট খরচের | ৬% |
| খ। বিল্ডিং ইলিউমিনেশন | ,, ,, | ৫% |
| গ। ডেকোরেটরস আইটেম (টেবিল, চেয়ার, ষ্টেজ, ক্রোকারিজ, ইউটেনসিল, টেবিল ক্লথ ইত্যাদি) | ,, ,, | ২০% |
| ঘ। সাজসজ্জা (ডেকোরেশন) | ,, ,, | ২৯% |
| ঙ। কেট্যারিং | ,, ,, | ৪০% |

৪। এ ছাড়াও ঠিকাদার ডিওএইচএসকে আরও অর্থ প্রদান করতে হয় যার বিবরন ক্রোড়পত্র ‘ক’ তে প্রদান করা হল। ইহার কারনেও গ্রাহকদের উপর খরচ বৃদ্ধি পায়।

৫। ইতিমধ্যে ০১ ডিসেম্বর ২০১২ তারিখে সংগঠিত ঠিকাদারদের সহিত চুক্তিপত্রের অনেক ব্যত্যয় ঘটেছে যার বিবরন ক্রোরপত্র ‘খ’ তে প্রদান করা হল।

৬। উপরোল্লিখিত বক্তব্যের আলোকে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে খরচ কমানোর পদক্ষেপ সহ সংশোধিত শর্তে ঠিকাদার নিয়োগ করার ব্যবস্থা গ্রহনের জন্য কনভেনশন সেন্টার কমিটিকে অনুরোধ করা হলো। কনভেন সেন্টার কমিটি

**আইটেম - ৩ ঃ কনভেনশন সেন্টারের ব্যবস্থাপনার পর্যালোচনা ঃ**

৭। কনভেনশন সেন্টার কমিটির কনভেনার লেঃ কর্ণেল এম এ খালেক (অবঃ) উপস্থিত সদস্যদের কে অবগত করেন যে, গত ২৫ দিনে কনভেনশন হল ভাড়া হয়েছে মাত্র ছয় দিন যা একান্তই নিরুৎসাহ জনক। এমতবস্থায়, হল ভাড়ার উন্নতিকল্পে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহনের জন্য সুপারিশ করেন ঃ -

ক। কনভেনশন হল ব্যবস্থাপনার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহন করা প্রয়োজন ঃ

(১) হল বুকিং এর জন্য একজন ষ্টাফ ও হল সুপারভিশনের জন্য এক জন সুপারভাইজার দরকার। বর্তমানে উভয় কাজের জন্য এক জন সুপারভাইজার রয়েছে।

(২) কিচেন এ গ্যাস কানেকশন এর ব্যবস্থা গ্রহন করা ।

(৩) এক জন ইলেকট্রিশিয়ান নিয়োগ করা প্রয়োজন।

(৪) সাধারন পরিস্কার পরিচ্ছন্নতার মান আরও বৃদ্ধি করা প্রয়োজন।

খ। নিম্নলিখিত প্রচার প্রচারনার পদক্ষেপগুলিও গ্রহন করা প্রয়োজন ঃ

(১) সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রদান।

(২) লিফলেট বিতরনের মাধ্যমে প্রচার করার পদক্ষেপ গ্রহন।

(৩) টিভি স্ক্রলের মাধ্যমে প্রচার করার পদক্ষেপ গ্রহন।

(৪) রাওয়ার মাধ্যমে রাওয়ার সদস্যদের নিকট এস এম এস প্রেরন।

(৫) সুবিধাজনক স্থানএ সাইন বোর্ড লাগানো। কন

৮। উপরোল্লিখিত সুপারিশের আলোকে প্রয়োজনীয় কার্যগ্রহন করার জন্য কনভেনশন সেন্টার কমিটিকে সর্বসম্মতিক্রমে অনুরোধ করা হয়। সে ক

**আইটেম - ৪ ঃ মসজিদে ৩য় তলা হতে মুসুল্লীদের উঠা নামার জন্য Steel Frame Stairway নির্মান প্রসংগে ঃ**

৯। উপরোক্ত কাজের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএমকিউ পরিদপ্তর পত্র নং

| | |
|---|---|
| ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.৩৯.১৪.০৫.১৫ তারিখ ১৪ মে ২০১৫ মারফত অনুমোদন পাওয়া গেছে। এমতাস্থায় মসজিদের দক্ষিন এবং উত্তর পার্শ্বে সিড়ি নির্মান করার প্রয়োজনীয় ডিজাইন, স্থান নির্বাচন, কাজ তদারকি করা, ইত্যাদি কাজের দায়িত্ব কমোঃ শহীদ সরোয়ার নিজাম, বিএন (অবঃ) এর নেতৃত্বে মসজিদে এসি স্থাপন কমিটিকে পরিচালনার দায়িত্ব প্রদান করা হয়। এছাড়াও প্রয়োজনীয় দরজা গুলো স্টীল ডোর লাগানোর সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কাজটি রমজান মাসের পূর্বেই সম্পন্ন করার অনুরোধ করা হয়। প্রয়োজন হলে ঠিকাদারকে মোট চুক্তি মূল্যের সর্বাধিক ৩০% টাকা অগ্রিম প্রদান করারও অনুমতি দেয়া হয়। | মসজিদে এসি স্থাপন কমিটি |
| **<u>আইটেম - ৫ ঃ রিপিটার ষ্টেশন স্থাপন প্রসংগে ঃ</u>** | |
| ১০। বিষয়টি সম্পর্কে অত্র কার্যবিবরনী স্তবক ১। খ। এ আলোচনার আলোকে রিপিটার ষ্টেশন স্থাপনের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করার ব্যবস্থা গ্রহনের জন্য ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাশিম খান, এনডিসি, পিএসসি (অবঃ) এর নেতৃত্বে উক্ত কমিটিকে অনুরোধ করা হয়। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আবুল হাশিম খান, এনডিসি, পিএসসি (অবঃ) |
| **<u>আইটেম - ৬ ঃ বিবিধ বিষয় ঃ</u>** | |
| ১১। **<u>মসজিদের পুকুরের পাড় রক্ষনাবেক্ষন প্রসংগে ঃ</u>** লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দোলায়ার হোসেন (অবঃ) অবগত করেন যে, মসজিদের পুকুর পাড় বিভিন্ন জায়গায় ভেঙ্গে পড়েছে যা অতিসত্বর মেরামত করা প্রয়োজন। বিষয়টি প্রয়োজনীতা বিবেচনা করে প্রয়োজনীয় কার্যগ্রহন করার জন্য মেম্বার এডমিনকে অনুরোধ করা হয় এবং সভাপতি মহোদয়ের আর্থিক অনুমোদনের ক্ষমতা সেনাসদর কর্তৃক বৃদ্ধি করা হলে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা করা হবে। | মেম্বার এডমিন |
| ১২। **<u>মহিলা সিকিউরিটি গার্ড নিয়োগ প্রসংগে ঃ</u>** মেম্বার সিকিউরিটি লেঃ কর্ণেল মোহাম্মদ সামসুল আলম (অবঃ) জানান যে, ডিওএইচএস এমন কিছু ঘটনা ঘটেছে যেখানে পুরুষ সিকিউরিটি গার্ড নিয়োগ করা বিবৃতকর। এমতাবস্থায়, ০৫ জন মহিলা সিকিউরিটি গার্ড নিয়োগ করার জন্য তিনি অনুরোধ জানান। | |
| **<u>সিদ্ধান্ত ঃ</u>** বিষয়টির প্রয়োজনীয়তা বিবেচনা করে মহিলা সিকিউরিটি গার্ডের জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করার সিদ্ধান্ত হয় এবং তাহাদের থাকার ও খাওয়ার কি ব্যবস্থা করা হবে সে বিষয়েও চিন্তা ভাবনার করার জন্য অনুধোর করা হয়। | মেম্বার সিকিউরিটি |
| ১৩। **<u>ডিওএইচএস এর লেইনের উভয় পার্শ্বে গাড়ি পার্কিং প্রসংগে ঃ</u>** মেম্বার সিকিউরিটি জানান যে, ডিওএইচএস এর লেইনের উভয় পার্শ্বে গাড়ি পার্কিং করা হয় তাতে যানবাহন চলাচলের অসুবিধাসহ এমনকি দূর্ঘটনার সম্ভবনাও থাকে। | |
| **<u>সিদ্ধান্ত ঃ</u>** ১। কোন অফিসের গাড়ি কোনক্রমেই লেইনের পার্শ্বে দীর্ঘ সময়ের জন্য পার্ক করতে দেওয়া হবে না। ঐ সকল গাড়ি মসজিদের পাশে অথবা কনভেনশন সেন্টারে পার্কিং এরিয়ায় পার্ক করা যেতে পারে।<br>২। যে সমস্ত বাড়ির মালিকের গাড়ি, ভাড়াটিয়ার গাড়ি এবং মেহমানদের গাড়ি লেইনের পার্শ্বে দীর্ঘ সময় পার্কিং করা হয় সেই সকল গাড়িও লেইনের পাশে না রেখে মসজিদের পার্শ্বে অথবা কনভেনশন সেন্টারে পার্কিং এরিয়ায় পার্ক করার জন্য বলা হউক।<br>৩। উক্ত বিষয়ে একটি চিঠি ইস্যু ও মাইকিং করার জন্য মেম্বার সিকিউরিটিকে অনুরোধ করা হয়। | মেম্বার সিকিউরিটি |
| ১৪। **<u>একাউন্ট অফিস স্থাপনার নকশা তৈরীর কাজে ফি প্রদান প্রসংগে ঃ</u>** একাউন্ট অফিস ৪র্থ তলায় স্থানান্তর করার জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে সানরাইজ কোম্পানী থেকে ১,৯৫,৯০০ টাকার দরপত্র গ্রহন করা হয়। পরবর্তীতে উক্ত কাজটি করা সম্ভব হয়নি। কিন্তু সানরাইস কোম্পানী ডিজাইন কনসালটেন্সী ফি হিসাবে ১৯,৫৯০.০০ টাকা দাবি করে। | |
| **<u>সিদ্ধান্ত ঃ</u>** বিষয়টি আলাপ আলোচনা করিয়া সর্বমোট বিলের ৫% টাকা অর্থাৎ টাকা ৯,৭৯৫.০০ প্রদান করার সিদ্ধান্ত হয়। | ট্রেজারার |

| | |
|---|---|
| ১৫। **পরিষদ অফিসে পানি বিশুদ্ধ করণ যন্ত্র স্থাপন প্রসংগে ঃ** লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দোলায়ার হোসেন (অবঃ) জানান যে, প্রতি মাসে খাওয়ার পানি ক্রয় বাবদ টাকা ২,০০০.০০ থেকে ৩,০০০.০০ খরচ হয়। এমতাবস্থায়, টাকা ২০,০০০.০০ থেকে টাকা ২৫,০০০.০০ খরচ করে ১টি পানি বিশুদ্ধ করণ যন্ত্র স্থাপন করা হলে গড়ে আরও টাকা কম খরচ হবে। | |
| **সিদ্ধান্ত ঃ** উক্ত যন্ত্রটি ক্রয় করার সিদ্ধান্ত হয় এবং ৩য় তলার অফিস সংলগ্ন বারান্দায় বা সুবিধাজনক স্থানে উক্ত যন্ত্র স্থাপন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | মেম্বার এডমিন |
| ১৬। **লেডিস সাব-কমিটির জন্য ২য় তলার বুকিং অফিস, ডেকোরেটর অফিস ও টয়লেট বরাদ্দ প্রদান প্রসংগে ঃ** কনভেনার লেডিস সাব-কমিটি পত্র নং ডিওএইচএস-বা/১৫২/লেডিস সাব-কমিটি তারিখ ০৭ মে ২০১৫ মারফত উপরোল্লিখিত কক্ষগুলো লেডিস সাব-কমিটির ব্যবহারের জন্য বরাদ্দ দেয়ার অনুরোধ জানান। | |
| **সিদ্ধান্ত ঃ** জায়গার স্বল্পতাহেতু বুকিং অফিস কক্ষ, ডেকোরেটর অফিস কক্ষ আপাততঃ বরাদ্দ দেওয়া যাবেনা। তবে ডেকোরেটর অফিস সংলগ্ন বাথরুমটি কেবল মাত্র লেডিস সাব-কমিটির ব্যবহারের জন্য সংরক্ষিত রাখার সিদ্ধান্ত হয়। | |
| ১৭। **শিশু পার্কে বিদ্যুৎ সুইচ স্থাপন ঃ** শিশু পার্কে সকল বিদ্যুৎ লাইনের সুইচ এক জায়গায় স্থাপন করার জন্য লেঃ কর্ণেল সৈয়দ মোঃ দোলায়ার হোসেন (অবঃ) অনুরোধ জানান। | মেম্বার এডমিন |
| **সিদ্ধান্ত ঃ** বিষয়টি প্রয়োজনীয় ও জরুরী বিবেচনা করিয়া যথাযথ কার্যগ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮। **আর্থিক খরচের অনুমোদন ঃ** বিশেষ প্রয়োজনে অনুমোদন বহির মাধ্যমে অনুমোদনসহ নিম্নে উল্লেখিত অর্থ খরচ করা হয়। কিন্তু খরচের অংক মাননীয় সভাপতির অনুমোদন ক্ষমতার উর্দ্ধে হওয়ার এড হক কমিটির অনুমোদন একান্ত প্রয়োজন। এমতাবস্থায়, পরিষদের ট্রেজারার নিম্নে খরচের বিবরণ উপস্থাপন করেন। | |
| **মসজিদ ফান্ড ঃ** মসজিদে ২য় তলার জন্য শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র ক্রয় ও স্থাপনের নিমিত্তে দৈনিক প্রথম আলো এবং বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা বাবদ ১৩,৬৮০.০০ টাকা খরচ হয়। উক্ত খরচ যথাযথ বিবেচনা করিয়া সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়। | ট্রেজারার |
| ১৯। **মামুন ইলেকট্রিশিয়ান এর ৬,৫০০.০০ টাকার ১টি বিল প্রসংগে ঃ** মামুন ইলেকট্রিশিয়ান বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে অনুষ্ঠানের সময় এসি, জেনারেটর এবং ইলেকট্রিক কাজে সার্বক্ষনিক দায়িত্ব পালন করার জন্য প্রতি শিফটে ৫০০ টাকা হারে নিয়োগ দেয়া হয়েছিল। বিশেষ কারনে ২১ মে ২০১৫ হতে উক্ত দায়িত্ব থেকে তাকে ইস্তফা দেয়া হয়। এমতাবস্থায়, ০৩ এপ্রিল হইতে ৩০ এপ্রিল ২০১৫ পর্যন্ত ০৭ শিফটএ দায়িত্ব পালন করা বাবত টাকা ৩,৫০০.০০ টাকা এবং ০৭ মে হতে ১৭ মে ২০১৫ পর্যন্ত ০৬ শিফটএ দায়িত্ব পালন করা বাবত ৩,০০০.০০ টাকা, সর্বমোট ৬,৫০০.০০ টাকার বিল প্রদান করে। | |
| **সিদ্ধান্ত ঃ** বিগত অক্টোবর ২০১৪ সালে ফিটনেস সেন্টারে ২ কয়েল ক্যাবল উদ্ধৃত্ত হয়েছিল। উক্ত ২ কয়েল ক্যাবল ফেরত না পাওয়া পর্যন্ত অত্র বিল পরিশোধ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেজারার |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শেষ করেন।

মেজর জেনাঃ কাজী আশফাক আহমেদ, পিএসসি (অবঃ)
সভাপতি

তারিখ ঃ ১৮ মে ২০১৫

লেঃ কর্ণেল মোঃ আবদুল খালেক, পিএসসি (অবঃ)
সেক্রেটারী

তারিখ ঃ ১৭ মে ২০১৫

সংযুক্ত ঃ ক্রোড় পত্র ক ও খ

কার্যক্রম ঃ

( )
এড হক কমিটির সদস্যগণ

## Some other reasons of cost escalation
## At
## Baridhara DOHS Convention Centre

1. Service providing firms are to pay fol yearly donation and sy deposits to DOHS Parishad:

| | Yearly Donation | Sy Deposit |
|---|---|---|
| a. Decorators (each) | 100,000/- x 4 | 200,000/- x 4 |
| b. Catering Service (each) | 100,000/- x 5 | 200,000/- x 5 |
| c. Flower Decoration | 25,000/- x 6 | ------ |

2. A separate contract has been made for building illumination. Share of illumination charges to be paid to DOHS Parishad are as fol:

| | Contractor | DOHS Parishad |
|---|---|---|
| a. Cat Ka, Kha, Ga | 5000/- | 5000/- |
| b. Tenants | 6250/- | 6250/- |
| c. Others | 7500/- | 7500/- |

3. Tk. 13/- out of tk. 63/- on account of service charge is to be paid to DOHS Parishad.

4. For under mentioned occasions fol amount have to be paid to DOHS Parishad

| | |
|---|---|
| a. For each marriage occasion | Tk. 5000/- |
| b. For each gaye holud, birth day, khatna etc | Tk. 2000/- |
| c. For each flower/balloon decoration | Tk. 2000/- |
| d. For sound system | Tk. 500/- |

5. Service providing firms are paying Tk. 7500/- to DOHS Parishad in every month for a sy gd.

6. They have to employ an electrician and a plumber for all functions.

7. They are supposed to ensure yearly maint including interior distempering

সংযুক্তি 'খ'

**Baridhara DOHS Convention Centre**
**Deviation from Contract**

1. Details of deviation from contract are as follows:

   a. Tenure of Agreement (Clause 4): Originally it was for 3 years from 15 Dec 12 to 14 Dec 15. It was amended by previous EC from 15 Dec 12 to 30 Dec 14.

   b. Lighting (Clause 26): Lighting i.e., building illumination was part of the contract. Later on it was discontinued and a fresh contract was made with Shafiq Decorators with fresh terms and conditions for the period from 16 Dec 14 to 15 Dec 16.

   c. Employment of an electrician and a plumber (Clause 20): It is not executed. Rather DOHS is paying for an electrician at the rate of Tk. 500/- per function.

   d. Sy for entire premises and 2 x gates (Clause 21): Contractors are responsible for sy of entire premises and employ gds for two gates. It was never executed. Rather they used to pay Tk. 7500/- previously and recently they are paying Tk. 8625/-.

   e. Payment of 30 % of total bill (Clause 28): As per contract contractors are supposed to pay 30 % of total bill less cleaning charge Tk. 2500/, set up charge Tk. 2000/- and stage Tk. 2000/- and 3000/-. It is not at all followed at. Present practice are as under:

| | | |
|---|---|---|
| (1) | For marriage function | Tk. 5000/- |
| (2) | For gaye holud, birth day, khatna etc | ,, 2000/- |
| (3) | For flower decoration | ,, 2000/- |

2. From the above it is evident that the contract with the service providers has lost it originality. As such I suggest that the arrangement should be under taken to make fresh Agreement with the service providers. In the process I feel the cost may also be reduced.